

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamgani.gov.bd

বিষয় : যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভার তারিখ : ০৬ জানুয়ারী, ২০২২ খ্রিঃ।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভাপতি : মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দৃষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা প্রকৌশলী সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন নরসিংপুর ইউনিয়নের বালিউড়া জিসিএম-দোয়ারাবাজার ভায়া ব্রিটিশ রাস্তার কুদখালী পর্যন্ত অংশ এবং বাংলা বাজার হকনগর রাস্তা উন্নয়ন কালে বিকল্প রাস্তাব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি আরো বলেন পালকাপন রাস্তায় ইতিপূর্বে পরিষদ হতে বরাদ্দ প্রদান করা হয়েছে। রাস্তাটির যে অংশ বেশী খারাপ সে অংশ পর্যন্ত বরাদ্দকৃত অর্থে সংকুলান না হওয়ায় আরো কিছু অর্থ বরাদ্দ প্রদান করার প্রস্তাব করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন গোরেশপুর ব্রিজের এপ্রোচ ও রেলিং না থাকায় জনগণ এটি ব্যবহার করতে পারছেন না। তাছাড়া টেবলাই রাস্তার দু'পাশে পুকুর থাকায় মেইন রাস্তার পাশ ভেঙ্গে যাচ্ছে এবং টেবলাই-পরমেশ্বরীপুর রাস্তাটিও পুকুরের কারণে ভেঙ্গে সরু হয়ে যাচ্ছে। তিনি ভাঙ্গা প্রতিরোধে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।

উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার উপজেলা রাজস্ব উদ্ধৃত উন্নয়ন তহবিল ও এডিপি হতে যে সব প্রকল্প গ্রহণ করা হয়েছে, তা অগ্রাধিকার দিয়ে দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কাজ বাস্তবায়ন করা হবে মর্মে তিনি জানান।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত ক্ষীমগুলো বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

ক্রমিক নং	প্রকল্পের নাম	মন্তব্য
০১	নরসিংপুর ইউনিয়নের বালিউড়া জিসিএম-দোয়ারাবাজার ভায়া ব্রিটিশ রাস্তার কুদখালী পর্যন্ত অংশ এবং বাংলা বাজার হকনগর রাস্তা উন্নয়ন কালে বিকল্প রাস্তা ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ জানানো হয়।	
০২	গোরেশপুর ব্রিজের এপ্রোচ ও রেলিং স্থাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ জানানো হয়।	
০৩	পালকাপন রাস্তায় অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ জানানো হয়।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ রফিকুল ইসলাম)

সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

তারিখঃ- ০৬/০১/২০২২ খ্রিঃ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/১৯ - ১৩৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় কার্যার্থে :


২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৪। উপজেলা অফিসার (সংশ্লিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। চেয়ারম্যান, ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। সংরক্ষণ নথি।


(মোঃ সাদিউল ইসলাম)
সদস্য সচিব
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি ও
উপ সহকারী উপজেলা প্রকৌশলী
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।